R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

সঞ্চয় জগতে এক অবিস্মরণীয় নাম :
অরুণোদয় সেভিংস এণ্ড
ইনভেষ্টমেণ্ট (ই) লিমিটেড
গভঃ রেজিঃ নং ৩৯০০৫
হেড ও রেজিঃ অফিস :
বারুইপাড়া, কালনা (বর্দ্ধমান)
শাখা অফিস :
ফুলতলা, রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
এই প্রতিষ্ঠানের মাধ্যমে সাধারণ ও
দুর্ঘটনাজনিত মৃত্যুবীমার সুযোগ নিন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেণ্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৩৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৩শে মাঘ বুধবার, ১৩৯৭ সাল
৬ই ফেব্রুয়ারী, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## গাড়ী পারটির হলেও ব্লক থেকে খরচ যোগানো হচ্ছে

জঙ্গিপুর : সম্প্রতি রঘুনাথগঞ্জ ২নং ব্লক থেকে যে জীপটির (ডাব্লু জি জে ৩০১) সব খরচ বহন করা হচ্ছে সেটি সি পি এম এর নিজস্ব সম্পত্তি বলে জানা যায়। পুঁটিয়ার জনৈক মাখন রায় জিপ গাড়ীটি জঙ্গিপুর লোকাল সি পি এম অফিসকে দান করেন বলে খবর। গাড়ীটি সব সময়েই পার্টি অফিসের সামনে দাঁড়িয়ে থাকে। জানা যায় প্রয়োজনে রঘুনাথগঞ্জ ২নং ব্লক গাড়ীটি পার্টি অফিস থেকেই ব্যবহার করেন। আবার সেটি সি পি এমের সভা সমিতিতেও ব্যবহৃত হয়। কিন্তু তার যাবতীয় তেল খরচ নাকি রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতি থেকে বহন করা হয়। খরচের বিল পেমেন্ট দেওয়া হয় পঞ্চায়েতের বিভিন্ন খাত থেকে। স্থানীয় বি জে পি এ ব্যাপারে তদন্তের জন্য মহকুমা শাসকের কাছে এক লিখিত অভিযোগ পেশ করেছেন। বিস্ময়ের ব্যাপার গাড়ীটি ব্লকের প্রয়োজনে ভাড়া নেওয়া হয়েছে কাগজপত্রে দেখানো হলেও, গাড়ীটিকে ব্লকের অফিস চত্বরে কোন দিনই কর্মীরা দেখেননি বলে জানা যায়। আরো জানা যায় পূর্বে ব্লক থেকে রঘুনাথগঞ্জের (শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## 'সেভ ফুয়েল' নিয়ম ভাঙ্গছেন আমলারাই

রঘুনাথগঞ্জ : বর্তমান তেল সংকটে হাবুডুবু অবস্থা সামাল দিতে সরকার বিশেষ প্রয়োজন ছাড়া গাড়ী ব্যবহার নিষিদ্ধ করে আদেশ দেওয়া সত্ত্বেও তা মানছেন না ক্ষুদে আমলারা বলে বিভিন্ন ঘটনায় প্রকাশ পাচ্ছে। অফিসাররা সরকারী ট্যুর দেখিয়ে নিজেদের গাড়ীতে বৌ-ছেলে নিয়ে পিকনিক করতে বা বাজার করতে আসেন এতো প্রায়ই দেখা যায়। কিন্তু বর্তমানে যেখানে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি থেকে মায় মন্ত্রীদেরও ট্যুর বাতিলের খবর আসছে, উপ-প্রধানমন্ত্রী দেবীলালের চাটার্ড বোয়িং বিমান ভাড়া করা নিয়ে রাজনৈতিক মহলে সোরগোল উঠেছে সেই অবস্থাতেও আমলাদের এ ধরনের গাড়ী ব্যবহার মানুষ ভাল চোখে দেখছে না। সম্প্রতি শহরে এক ঘটনায় নাগরিকরা মর্মাহত। খবর গত ৩১ জানুয়ারী বিকেল পাঁচটা নাগাদ ডাব্লু বি ই ৫০৯২ নং জীপটিকে হাসপাতালের গাইনো ডাঃ অরূপ সাহার চেম্বারের সামনে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। কিছুক্ষণ পরে এক ভদ্রলোক একজন মহিলাকে নিয়ে ডাক্তারের চেম্বার থেকে বার হয়ে সেই জীপে চেপে চলে যান। (শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বে-আইনী ইঁট ভাটার বিরুদ্ধে পুলিশ ব্যবস্থা নিন

রঘুনাথগঞ্জ : স্থানীয় ১নং ব্লকের গদাইপুর ও মঙ্গলজন মৌজায় দুটি ইঁট ভাটার মালিকের বিরুদ্ধে পুলিশ গত ৩০ জানুয়ারী অভিযোগ দায়ের করে। রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বি এল আর ও স্থানীয় থানায় অভিযোগ করেন যে সরকারী কোন নিয়মকানুন না মেনে বা কোন আইনানুগ অনুমতি না নিয়েই ঐ দুটি চিমনী ইঁটের ভাটা ব্যবসা শুরু করেছে। পুলিশ অভিযোগ পেয়ে ঐ দুটি ভাটার মালিক রঘুনাথগঞ্জের মায়া জৈন (স্বামী অশোক জৈন) এবং প্রভাত সরকার, অসীম সরকার, দীপক সরকার (পিতা ধীরেন্দ্রনাথ সরকার) এর বিরুদ্ধ আইনানুগ ব্যবস্থা নেয় বলে জানা যায়। বি এল আর ও দপ্তর সূত্রে জানা যায় ঐ দুটি ইঁট ভাটা নন-এগ্রিকালচার সার্টিফিকেট বা কোয়ারী পারমিট না নিয়েই নিজের খুশীমত ভাটা চালু করে।

## ভোর রাতে ব্যবসায়ী আক্রান্ত

জঙ্গিপুর : গত ২৮ জানুয়ারী ভোর রাতে বাস ধরতে গিয়ে শঙ্কর সাহা নামে জনৈক ব্যবসায়ী দুর্বৃত্তদের হাতে আক্রান্ত হন। তাঁকে আহত করে প্রায় তিন হাজার টাকা দুর্বৃত্তরা লুঠ করে। শঙ্করের চীৎকারে আশপাশের মানুষ ছুটে এসে তাঁকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে জঙ্গিপুর হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে বহরমপুর পাঠানো হয়। খবর শঙ্কর সাহা দীর্ঘদিন কৃষ্ণনগর থেকে গেঞ্জির কাপড় এনে এখানে ব্যবসায়ীদের বিক্রি করতেন। পুলিশ সূত্রে (শেষ পৃষ্ঠায় দ্রঃ)

## দুর্গাপুর বাস আবার চলবে

নিজস্ব সংবাদদাতা : দক্ষিণবঙ্গ পরিবহনের রঘুনাথগঞ্জ—দুর্গাপুর ভোরের বাসটি গত নভেম্বর মাসে হঠাৎ এখান থেকে বন্ধ হয়ে ফরাক্কা থেকে যাতায়াত শুরু করে। উল্লেখ্য বাসটি রাতে মহকুমা শাসকের অফিস চত্বরে থাকা নিয়ে উভয় পক্ষের মধ্যে ভুল বোঝাবুঝির ফলে এই ঘটনা ঘটে। এ ব্যাপারে আলোচনা করতে পরিবহন সংস্থার দু'জন প্রতিনিধি ১ফেব্রুয়ারী মহকুমা শাসকের দপ্তরে আসেন। তাঁরা আলোচনার সময় মহকুমা শাসকের রেডিওগ্রাম ও পুরপতির চিঠির কথা উল্লেখ করেন। আলোচনায় বাসটি খুব শীঘ্র চালু করার ব্যবস্থা হয়েছে বলে জানা যায়।

## পুলিশ সুপার বদলী হলেন

নিজস্ব সংবাদদাতা : মুর্শিদাবাদ জেলার পুলিশ সুপার বি ডি শর্মা চলতি মাসে এখান থেকে চলে যাচ্ছেন কলকাতা লালবাজারে ডি সি রিজার্ভ ফোর্স পদে। উল্লেখ্য ১৯৮৮ সালের জুনে কাটরা মসজিদের দুঃখজনক ঘটনার কয়েকদিন আগে তিনি এখানে পুলিশ সুপারের দায়িত্ব নেন। তাঁর জায়গায় আসছেন স্পেশাল সুপারিনটেনডেণ্ট অব ইনটেলিজেনস্ ব্রাঞ্চের অসীম চ্যাটার্জী।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৩শে মাঘ বুধবার ১৩৯৭ সাল

## মৃগতৃষ্ণিকা

রণ দুন্দুভি বাজিয়া উঠিয়াছে। আরবের তৈল ক্ষেত্রে 'দ্রিমদ্রিম' রণ ঝনঝন-ধ্বনি বাজিয়া চলিয়াছে। আরব দুনিয়ার ঐ আগুনে তৈলের বাজারে আগুন লাগিয়াছে। ভারতের বুকেও আগুনের উত্তাপ ছড়াইয়া পড়িতেছে। যদিও কেন্দ্রীয় সরকার আশ্বাস বাণী বিতরিত করিতেছেন—'মাভৈঃ', তৈলের অভাব নাই। তবুও ডিজেল, পেট্রোল অমিল এবং দুর্মূল্যও হইয়া চলিয়াছে। সব জিনিসেরই দরদামে মরুর উত্তাপ। প্রতিশ্রুতির বারিধারা সেই উত্তাপে শুষ্ক হইয়া শূন্যে বিলীন। চাল, ডাল, লবণ, জ্বালানী হইতে শুরু করিয়া তরকারীর বাজারে আলু, কপি, পিঁয়াজ অগ্নিমূল্য। দরোত্তাপের প্রাখর্য্যে একী! একী! রব। সাংবাদিকরা ইহার সূত্র খুঁজিতে বেসামাল। রাজ্য, কেন্দ্রের দিকে অঙ্গুলী নির্দ্দেশ করিতেছেন। বলিতেছেন ইহা কেন্দ্রের অর্থনীতির দুর্বলতার ফল। এই সময় কেন্দ্রে এক অদ্ভুত সংখ্যা লঘিষ্ঠ মন্ত্রীসভা অন্যের মুখাপেক্ষী হইয়া গদিনশীন। জনগণ তাকান কেন্দ্রের দিকে। কিন্তু কেন্দ্রের ভ্রূক্ষেপ নাই। কেন্দ্র রাজ্য উভয়েই বলিতেছেন ব্যবসাদার মুনাফাখোরদের উত্তুঙ্গ লোভ এই মূল্য বৃদ্ধির জন্য দায়ী। মাঝে মাঝে কেন্দ্রের ও রাজ্যের হুঙ্কারধ্বনি শোনা যাইতেছে—সাবধান, সরকার নজর রাখিতেছেন। ইহাদিগকে কঠোর হস্তে দমন করা হইবে। ব্যবসাদাররা জানেন ইহা সবই ফাঁকা আওয়াজ। ভোটের বাজারে সকল দলই নির্বাচনী তহবিলে প্রয়োজনীয় অর্থের জন্য তাহাদের দ্বারস্থ হয়েন। মানুষ নিত্য প্রয়োজনীয় জিনিসের দর বৃদ্ধির অগ্নিজ্বালায় জ্বলিয়া খাঁক হইতেছেন আর ঠিক তখনই কেন্দ্র ও রাজ্য সরকার উভয়েই সান্ত্বনা দিতেছেন, দুস্তর প্রতিশ্রুতির মরীচিকা দেখাইতেছেন—এ্যায়সা করেঙ্গে তামাম হিন্দুস্তাঁ মেঁ বেহেস্ত সুখ মিলেগা!

তবে হাঁ, এই মরুর বুকে মরূদ্যান আছে বৈকি, না হইলে সৃষ্টিকর্তা অভিযুক্ত হইবেন যে। সে মরূদ্যান হইতেছে 'বহিবারে দাও শকতি'। অর্থাৎ 'দুঃখে স্ব নু দ্বি গ্ন ম নাঃ' শ্রীশ্রীগীতার এই পরমবাণীর সার্থক রূপকার এই যমযন্ত্রণাভোগী মানুষ নির্বিকার হইয়া সহনশীলতার উজ্জ্বল উদাহরণ জগৎ সমক্ষে রাখিয়াছেন। এই মরূদ্যানে বসিয়াই তাঁহারা আবার মরুযাত্রার শক্তি সঞ্চয় করিবেন।

## বিশ শতকের বিশ কথা

আবদুর রাকিব

কখন কোন্ ছিদ্র দিয়ে যে কালনাগিনী লৌহ-বাসরে ঢুকে যায়! ১৮৫৭-এর মহাবিদ্রোহের পর মহারানীর ঘোষণা অনুযায়ী ভারতের কালা আদমীদের জন্য বেশ কিছু সুযোগ সুবিধার ব্যবস্থা গ্রহণ করা হয়। তা না করলে প্রজাদের দীর্ঘ দিন বশে রাখা যাবে না, সরকার সেটি বুঝে ছল। কেন না, নিয়মতান্ত্রিক আন্দোলন ছাড়াও ভারতের রাজনীতিতে তখন ম্যাৎসিনী, গ্যারিবল্ডি ও ডি-ভ্যালেরার তপ্ত হাওয়া। ১৯০৫ থেকে ১৯০৭ পর্যন্ত জাতীয় কংগ্রেস অধিকতর স্বায়ত্ত শাসনের দাবীতে সোচ্চার। ১১-১২-১৯০৬ তারিখের সভায় তিলক বলেছিলেন, নিয়মতান্ত্রিক আন্দোলনে আমাদের বিশ্বাস নেই একথা ঠিক নয়। আমরা ইংরেজ সরকারের উচ্ছেদও চাই না। কিন্তু রাজনৈতিক অধিকারের জন্য লড়াই করতে হবে। নরমপন্থীরা ভাবেন আবেদন নিবেদন করে এই অধিকার লাভ করবেন—আমরা ভাবি প্রবল চাপ সৃষ্টি করলেই তা পাওয়া যাবে। এই প্রবল চাপ ছিলই। ১৯০৮-এ কিশোর ক্ষুদিরামের ফাঁসি এবং প্রফুল্ল চাকীর আত্মহত্যা ভারতীয় জনমানসে প্রচুর উত্তেজনার সৃষ্টি করেছিল। অতএব, আর দেরী না করে, ১৯০৯-এ প্রবর্তিত হল শাসন সংস্কার আইন। বিশ শতকের প্রথম দশকের এটিই সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ঘটনা। স্বাধীনতার পক্ষে সেটিই প্রথম পদক্ষেপ। কিন্তু ছিদ্র ছিল সেখানেই। বস্তুত বিভেদরেখার শুরুও সেখান থেকে।

ভারতের বড়লাট তখন লর্ড মিন্টো। আর ভারত সচিব জন মর্লি। তাঁরা শাসন-সংস্কারের ধারাগুলিকে সাজালেন এই ভাবে—

১) সুপ্রীম কাউনসিলে আরও ৬০ জন সদস্য থাকবেন, যার ২৭ জন হবেন নির্বাচিত।

২) বাকী সদস্যদের মধ্যে ২৮ জন হবেন রাজকর্মচারী। অন্য ৫ জন বড়লাট দ্বারা মনোনীত বিভিন্ন সম্প্রদায় ও স্বার্থের প্রতিনিধি।

৩) নির্বাচিত সদস্যরাও বিভিন্ন স্বার্থের প্রতিনিধিত্ব করবেন।

৪) ৭টি প্রদেশ থেকে জমিদার, ৫টি প্রদেশ থেকে মুসলমান ও ১টি প্রদেশ থেকে (পালা করে) মুসলমান জমিদার এবং বণিক সঙ্ঘগুলি দ্বারা ২ জন নির্বাচিত হবেন।

৫) বাকী আসনগুলি অসংরক্ষিতরূপে বিবেচিত হবে এবং ঐ আসনগুলি ৯টি প্রাদেশিক ব্যবস্থা পরিষদের বেসরকারী সদস্যদের দ্বারা পূর্ণ হবে।

৬। এই শাসন সংস্কারের মাধ্যমে বড়লাট এবং বিভিন্ন প্রদেশের ছোটলাট ও লেফটেনান্ট গভর্ণরদের শাসন পরিষদে এক একজন করে সদস্য নেবার নিয়মও চালু হল।

আপাত সুন্দর হলেও এই শাসন সংস্কারের মাধ্যমে সাম্প্রদায়িক ভিত্তিতে নির্বাচনের সূত্রপাত হয়েছিল। অর্থাৎ হিন্দু-মুসলমান যে শুধুমাত্র আলাদা দুটি সম্প্রদায় নয়, দুটি জাতি, তার পরোক্ষ প্রচ্ছন্ন স্বীকৃতি সেখানে ছিল। ১৯০৯-এর অধিবেশনে ডঃ সীতারামাইয়া জানিয়েছিলেন, ধর্মের ভিত্তিতে পৃথক নির্বাচকমণ্ডলী গঠনের ব্যাপারে কংগ্রেস আপত্তি জানাচ্ছে। মুসলমান-অমুসলমানের পার্থক্যে কংগ্রেস অসন্তুষ্ট। এইভাবে যে সংসদীয় প্রথার প্রবর্তন হয় না, মর্লিও তা স্বীকার করেছিলেন। পরবর্তী শাসন সংস্কারক মন্টেগু ও চেমসফোর্ডও এর অসঙ্গতি ও অসারতা উপলব্ধি করেছিলেন। এমন কি, পাঠক আশ্চর্য হতে পারেন, দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা হিসেবে নিন্দিত সেই জিন্না সাহেবও এর বিরোধী ছিলেন। ১৯১০-এর ২৬-২৯ ডিসেম্বর এলাহাবাদের ২৫তম কংগ্রেস অধিবেশনে সাম্প্রদায়িক ভিত্তিতে নির্বাচন ব্যবস্থার নিন্দা করে তিনি এক প্রস্তাব উত্থাপন করেন। তখন তিনি বড়লাটের কাউনসিলের সদস্য।

খেয়ালী ইতিহাস কখন কি কাণ্ড করে, কেউ বলতে পারে না।

## এক তরফা তদন্তের প্রতিবাদে কংগ্রেস সদস্যদের পদত্যাগ

আহিরণ: সুতী ১ নং ব্লকের বংশবাটী গ্রাম পঞ্চায়েত প্রধান পঞ্চায়েতের টাকা নিয়ে ছিনিমিনি খেলছেন বলে কংগ্রেস (ই) সদস্যগণ অভিযোগ তুলেছেন। তাঁরা বলেন গত ১৯ অক্টোবর কংগ্রেস (ই)র নির্বাচিত পঞ্চায়েত সদস্যরা লিখিতভাবে জেলা শাসককে অভিযোগ জানান। সেই অভিযোগের ভিত্তিতে জেলা শাসকের আদেশে জেলা পরিকল্পনা আধিকারিক সরজমিন তদন্তেও আসেন। বিস্ময়ের কথা অভিযোগকারী কংগ্রেস (ই)র সদস্যদের সেই তদন্তে ডাকা হয় না এবং এক তরফাভাবে তদন্ত করে নিজের মনগড়া রিপোর্ট দাখিল করেছেন। কংগ্রেসী সদস্যদের অভিযোগ ১৯৮৮ থেকে ১৯৯০ পর্যন্ত এই পঞ্চায়েত লক্ষ লক্ষ টাকা পেয়েও কোন কাজ করেননি। কংগ্রেস (ই) সদস্যরা সভায় এ সব প্রতিবাদ জানালেও নথীপত্রে তা তোলা হয়নি। বার বার বলা সত্ত্বেও প্রধান তাঁদের কথার কোন গুরুত্ব দেননি। জেলা শাসকের প্রতিনিধিও কংগ্রেস (ই) সদস্যদের মতামত না নিয়েই তদন্ত রিপোর্ট দিলেন। প্রশাসনিক এই অব্যবস্থার প্রতিবাদে সমস্ত কংগ্রেস (ই) সদস্য পদত্যাগ করেছেন বলে কংগ্রেস (ই) সূত্রে জানা যায়।

## বাড়িতে ডাকাতি বন্দুক ছিনতাই

সাগরদীঘি, সম্প্রতি এই থানার মাঠখাগড়া গ্রামে ঝণ্টু দাসের বাড়ীতে এক ডাকাতি হয়। খবর ঐ দিন সন্ধ্যায় একদল দুর্বৃত্ত ঝণ্টু দাসের বাড়ীতে চড়াও হয়ে তাঁর স্ত্রীর গা থেকে গয়না খুলে নেয় ও বন্দুকটি নিয়ে পালিয়ে যায়। যাবার সময় তারা বেশ কটি বোমা ফাটায় বলে গ্রামবাসীসূত্রে জানা যায়। বোমার আঘাতে গ্রামের অল্পবয়সী একটি ছেলে আহত হয়। পুলিশ সন্দেহক্রমে পাশের গ্রামের একজনকে গ্রেপ্তার করে। বন্দুকটি এখনও উদ্ধার হয়নি। পুলিশের ধারণা বন্দুকটি ছিনতাই করাই দুর্বৃত্তদের প্রধান উদ্দেশ্য ছিল।

## বিজ্ঞান মেলা

জঙ্গিপুর ঃ মুর্শিদাবাদ জেলা বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হ'ল গত ১৬ থেকে ১৮ জানুয়ারী জঙ্গিপুর হাই স্কুলে। তিনদিনব্যাপী বিজ্ঞান প্রদর্শনীতে বিভিন্ন মডেল দেখায় জেলার বিভিন্ন স্কুল, বিজ্ঞান ক্লাব সংগঠনের ছাত্র-ছাত্রীরা।

## সি পি এমের যুদ্ধবিরোধী মিছিল ও সভা

জঙ্গিপুর : গত ২১ জানুয়ারী বিকালে সি. পি, এমের যুদ্ধবিরোধী মিছিল শহর পরিক্রমা করে এবং স্থানীয় বাসষ্ট্যাণ্ডে পথসভায় বক্তব্য রাখেন পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য এবং ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি গিয়াসুদ্দিন। উপসাগরীয় যুদ্ধের সুযোগে মজুতদার, ব্যবসায়ীরা ফাটকা বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে মুনাফার লোভে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিচ্ছে। বক্তারা রাজ্যসরকার মজুতদার, কালোবাজারীদের বিরুদ্ধে কড়া হুঁশিয়ারী দেন। এই মহকুমায় গত কয়েক-দিনে জিনিসপত্রের দাম চরম বেড়েছে এবং স্থানীয় প্রশাসন কি ব্যবস্থা নিয়েছেন এ সম্পর্কে আমাদের প্রতিনিধি জানতে চাইলে পুরপতি বলেন, আমরা মজুতদার ব্যবসায়ীদের কড়া ভাষায় হুঁশিয়ারী জানিয়েছি। এবং প্রশাসনকে ব্যবস্থা নিতে বলেছি।

## প্রজাতন্ত্রদিবসে নানা অনুষ্ঠান

রঘুনাথগঞ্জ ঃ গত ২৬ জানুয়ারী স্থানীয় মহকুমা শাসক অফিস প্রাঙ্গণে অন্যান্য বছরের মতো এবারও বিয়াল্লিশতম প্রজাতন্ত্র দিবস অনুষ্ঠিত হয়। পতাকা উত্তোলন করেন মহকুমা শাসক এস সুরেশকুমার। বিভিন্ন ক্লাবের সদস্যরা ট্যাবলো ও কুচকাওয়াজের মাধ্যমে উৎসব অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলেন। সকালে স্থানীয় বন্ধু সমিতির পরিচালনায় রোড রেস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। লাইয়নস ক্লাব অফ জঙ্গিপুরের পক্ষ থেকে হাসপাতালের রোগীদের মধ্যে ফল বিতরণ এবং বেলা ১১টা নাগাদ বহরমপুরের ডাঃ শিবেন রায়ের সহায়তায় একটি রক্তদান শিবির খোলা হয়। এই শিবিরে ২৯ জন রক্তদান করেন বলে জানা যায়।

## নেতাজী জন্মজয়ন্তী উদযাপিত

রঘুনাথগঞ্জ ঃ গত ২৩ জানুয়ারী এই থানার রাণীনগর জুনিয়ার হাই স্কুলে প্রভাতফেরী আবৃত্তি, দেশাত্মবোধক গান, ব্রতচারী নাচ প্রভৃতির মাধ্যমে নেতাজীর জন্মজয়ন্তী উদযাপিত হয়। বিভিন্ন বক্তা নেতাজীর জীবনদর্শন আলোচনা করেন। সম্পাদনা রায়ের রচিত একটি নাটিকা 'এমন কেন হয়' ছাত্রছাত্রীরা মঞ্চস্থ করেন।

সাগরদীঘি ঃ স্থানীয় ব্লকের বালিয়া গ্রামের নেতাজী সংঘ তাদের বিংশতম প্রতিষ্ঠা দিবস গত ২৩ থেকে ২৭ জানুয়ারী পর্য্যন্ত নানা অনুষ্ঠানের মাধ্যমে পালন করে। ২৩ জানুয়ারী পতাকা উত্তোলন ও প্রভাত ফেরী দিয়ে উৎসবের সূচনা হয়। মনিগ্রাম গর্গমুনির ঢিপি থেকে ৫ কিমি রোডরেসে জঙ্গিপুর ও লালবাগের ২৫টি ক্লাব অংশ নেয়। দুপুরে পুরস্কার বিতরণ, আবৃত্তি প্রতিযোগিতা ও ড্রাগসের উপর আলোচনাচক্র হয়। ২৪ জানুয়ারী লোকনৃত্য ও নাটক 'গরীবের মা' অনুষ্ঠিত হয়। ২৫ জানুয়ারী ক্রিকেট প্রতিযোগিতা এবং ২৬ জানুয়ারী প্রভাতফেরী, সিঙ্গল ক্রিকেট প্রতিযোগিতা জঙ্গিপুর সংবাদের পূজা সংখ্যায় প্রকাশিত 'ব্রতপার্বণের সার্থকতা' এবং পরিবেশ দূষণ ও বিজ্ঞান চেতনা সম্পর্কে আলোচনা হয়। ২৭ জানুয়ারী একদিনের ভলিবল প্রতিযোগিতা দিয়ে উৎসবের শেষ হয়।

## সি পি আই এর বিক্ষোভ মিছিল

জঙ্গিপুর ঃ গত ২৮ জানুয়ারী কাশিয়াডাঙ্গায় সি পি আই সমর্থিত প্রায় ৩০০ জনের এক বিক্ষোভ মিছিল অঞ্চল অফিসে হাজির হয় এবং প্রধানের কাছে এক দাবীপত্র দেয়। প্রধান এক সৌহার্দ্যপূর্ণ আলোচনায় তাঁদের দাবীগুলি পূরণের প্রতিশ্রুতি দেন। দাবী-গুলির মধ্যে ছিল রাস্তা-ঘাটের উন্নয়ন, মিনিকিট বণ্টন, লোনের সুষ্ঠু বিলি, বিদ্যুতের ও পানীয় জলের ব্যবস্থা এবং নদীর ভাঙ্গন রোধে কার্য্যকরী ব্যবস্থা নেওয়া।

## ঘরে ঘরে আগুন লাগায় গ্রামে আতঙ্ক

সাগরদীঘি ঃ বালিয়া গ্রাম পঞ্চায়েতের বিষ্ণুপুর গ্রামে প্রায় দিন বিভিন্ন ঘরে আগুন লাগাচ্ছে দুষ্কৃতকারীরা। ফলে গ্রামবাসী সকলে আতঙ্কে দিন কাটাচ্ছে। খবর গত ৩১ ডিসেম্বর রাতে কে বা কারা রতন ঘোষের গোয়ালে আগুন ধরালে ৫টি গরু অগ্নিদগ্ধ হয়। ১ জানুয়ারী দুর্বাদল ঘোষের বাড়ীর প্রাচীর পার হয়ে তাঁর খড়ের গুদামে আগুন লাগিয়ে পালাবার সময় বাড়ীর এক ছেলে তা দেখে ফেলে। ছেলেটির চিৎকারে লোকজন এসে আগুন নিভায়। কেউ ধরা পড়ে না। ২ জানুয়ারী আবার সেই বাড়ীতে কেরোসিন তেল ঢেলে খড়ের গাদায় আগুন লাগাতে গেলে তা দেখতে পেয়ে বাড়ীর লোক তাড়া করলে দু'জন যুবক প্রাচীর টপকে পালিয়ে যায়। তারা পাশের বাড়ীর ধীরেন ঘোষের খড়ের গাদায় লুকিয়ে পড়ে বলে অভিযোগ। দুর্বাদল ঘোষ সাগরদীঘি থানায় অভিযোগ দায়ের করলেও থানা থেকে কোন পুলিশ আসেনি বলে গ্রামের লোকেরা জানান।

পঃ বঃ নাট্য আকাদেমীর সহযোগিতায় ও
জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায়

## মুর্শিদাবাদ জেলা নাট্যোৎসব—৯১

৩রা থেকে ১০ই ফেব্রুয়ারী ★ বহরমপুর রবীন্দ্র সদন

।। অনুষ্ঠান-সূচী ।।

৩-২-৯১ সন্ধ্যা ৬টা উদ্বোধন অনুষ্ঠান।
,, ৬-৩০ নাটক 'দংশন' বহরমপুর রেপার্টারী থিয়েটার
৪-২-৯১ ,, ৬-৩০ নাটক 'দর্পণে বিকৃত ছবি' জুঃ ইঞ্জিঃ এ্যাসো ফরাক্কা
রাত্রি ৮টা নাটক 'তবুও কেন' স্বস্তিক।
৫-২-৯১ সন্ধ্যা ৬-৩০ নাটক 'প্রতিদিন যে দিবস' নবীন নাট্য সংস্থা
,, ৭-৩০ নাটক 'মড়া' রাখালিয়া নাট্য গোষ্ঠী কান্দি
,, ৮-৩৫ নাটক 'হাঙ্গর' মঞ্চে এলাম
৬-২-৯১ ,, ৬-৩০ নাটক 'ছোট বকুলপুরের যাত্রী' ভারতীয় গণনাট্য সঙ্ঘ বহরমপুর শাখা
,, ৭-৩০ নাটক 'অশ্বত্থামা' ঋত্বিক নাট্যগোষ্ঠী
৭-২-৯১ ,, ৬-৩০ নাটক 'চার ইয়ারের পালা' প্রান্তিক
৮-২-৯১ ,, ৬টা নাটক 'দেনা পাওনা' আনন্দম
,, ৭-৪০ নাটক 'হরিপদর শীতবস্ত্র' যুগাগ্নি
৯-২-৯১ সকাল ৯টা সেমিনার
১০-২-৯১ সন্ধ্যা ৬-৩০ নাটক 'সক্রেতিস' ছান্দিক

★ সিজন টিকিট ৫/- দৈনিক টিকিট ১/-
টিকিট পাওয়া যাবে ১-২-৯১ থেকে বহরমপুর রবীন্দ্রসদনে

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

NTPC नेशनल थर्मल पावर कारपोरेशन

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN-742236 ; DIST. MURSHIDABAD (W.B.)

## TENDER NOTICE

Sealed Tender in duplicate are invited from reputed manufacturers or their authorised agents for the supply of following materials :

| Sl. No. | | Quantity |
|---|---|---|
| 1. | FS : 42 : MD : T : 400678/(90-91) PVC Adhesive Tapes for Electrical Insulations as per IS : 2448 | 6900 Rolls |
| 2. | FS : 42 : MD : T : 390683/90-91 HRC Fuses (17 items) | 3980 Nos. |
| 3. | FS : 42 : MD : T : 400746/90-91 Super Enamelled Copper Wire as per I.S. 4800, part V(75 items) | 9120 Kg. |
| 4. | FS : 42 : MD : T : 060833 (90-91) Alumiuium Sulphate (Non Ferric) | 1500 MT |

i) Insoluble matter by weight (Max) : 0·30

ii) PH (of 5% Solution), not less than 2·8

iii) Heavy metals (as Pb) PPM max 40

ix) Iron (as Fe)% by weight max 0·004

v) Arsenic (as As 203) PPM Max 8·0

vi) Amonium salt (as NH3) 0·025% by weight max

vii) Aluminium (as A 1203)% by weight 16·6 to 17·6

**Qualifying Requirement :**

1. Vendor must be manufacturer or authorised dealer/distributor for item sl. no. 01, 02 and for sl. no. 3 only manufacturers and must have supplied PVC tapes worth Rs. 2·5 lakhs and item sl. no. 2 (HRC Fuses) worth Rs. 2·0 lakhs and above and item sl. no. 3 Rs. 6·5 lakhs and above in current/last financial year.

2. Item sl. no. 01, 02, 03 is for annual rate contract, quantity and procurement value shown against each items are only indicative, it will very as per the requirement. Rate contract should be valid for 18 months.

3. For item sl. no. 4, i) Bidder should have proven experience for manufacturing and supply of the above items for the above grade and also should have testing facility in their works.

ii) Bidder should be manufacturer or his authorised dealer and should have supplied 1000 MT during the last 1 year.

iii) Bidder should indicate their salient feautures of manufacturing process and should furnish the recent test report of their product from any Govt. approved Lab.

4. Documentary evidence for the earlier rate contract made/or capability to inter into rate contract for item sl. no. 01, 02 & 03 and documentary evidences for item sl. no. 04 (as per Q'r sl. no. 3(I, II & III), along with the tender fee of Rs. 50/- each for item No. 01, 02, 03 seperately and Rs. 100/- for item sl. no. 04 by Demand Draft only in favour of NTPC Farakka shall have to be sent for issue of Tender documents to Manager (Materials). D.D. should be encashable at SBI Farakka or UBI Khejuriaghat.

5. Tender documents will be issued only to prima facie qualified bidders and after scrutiny of the credentials which are to be furnished along with your request for documents. However, issuance of tender documents will not automatically qualify the firm which shall be determined during bid evaluation. NTPC reserves the right to alter the qualifying requirements as may be needed.

6. Last date for request of tender documents will be 28-2-91.

7. The above details are only indicative. Full details are given in our documents.

8. EMD as indicated in our tender paper is to be submited with the offers (Approx 2% of the quoted value).


(Contd. 5 Page)

## যুবতীর মৃতদেহ বাগানে উদ্ধার

রঘুনাথগঞ্জ : গত ২ ফেব্রুয়ারী স্থানীয় থানার রাণীনগর গ্রামের এক বাগানে ঐ গ্রামের সুফল মণ্ডলের যুবতী কন্যা শোভারাণীর মৃতদেহ পাওয়া যায়। সুফল মণ্ডল ও তাঁর স্ত্রী অভিযোগ করেন তাঁদের কন্যার সঙ্গে ঐ গ্রামের বৈকুণ্ঠ মণ্ডল নামে জনৈক যুবকের গোপন মেলামেশায় তাঁরা বাধা দেন। শোভার খুনের ঘটনায় তাঁরা বৈকুণ্ঠকে দায়ী করেন। বৈকুণ্ঠ ফেরার। পুলিশী তদন্ত চলছে।

## ছাদ ধ্বসে করণিক আহত

নিমতিতা : গত ২৮ জানুয়ারী অফিস চলাকালীন স্থানীয় সাব-রেজিষ্ট্রী অফিসের ছাদের কিছু অংশ ধ্বসে পড়লে ঐ অফিসের করণিক শম্ভু কর্ম্মকার আহত হন। খবর পেয়ে ৩০ জানুয়ারী জেলা রেজিষ্ট্রার ঘটনাস্থল পরিদর্শনে আসেন। প্রকাশ অফিস বাড়ীটি প্রায় ১০০ বছরের পুরোনো। যে কোন সময়ে বড় ধরনের বিপদ ঘটতে পারে। বাড়ীর মালিকদের বারবার বলা সত্ত্বেও তাঁরা মেরামতের ব্যবস্থা নিতে গড়িমসি করছেন। জেলা রেজিষ্ট্রার মালিক পক্ষকে চিঠি দিয়ে সত্বর বাড়ী মেরামত করতে বলেছেন। না হলে সাবরেজিষ্ট্রি অফিস অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হবে বলে জানিয়েছেন।

## মোটর সাইকেলের চাকায় বালিকা পিষ্ট

জঙ্গীপুর : সম্প্রতি রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বড়শিমুল গ্রামে মোটর সাইকেলে চাপা পড়ে এক বালিকা ঘটনাস্থলে মারা যায়। খবর মোটর সাইকেলের আরোহী স্থানীয় বিধায়ক হাবিবুর রহমানের পুত্র। ঐ গাড়ীটি তাঁর এক বন্ধুর বলে জানা যায়। গ্রামবাসীদের মধ্যস্থতায় মৃতার পিতাকে ক্ষতিপূরণ দিয়ে ঘটনাটি মিটিয়ে নেওয়া হয়।

---


## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ বড় পোষ্ট অফিসের সামনে রাস্তার ধারে দু' কাঠা জায়গার উপর নতুন পাকা বাড়ী তিনখানি ঘর, রান্নাঘর, স্যানিটারী পায়খানা সমেত বিক্রী হবে। যোগাযোগ করুন।

শ্রীদাম হালদার

রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি মোড়

(From Page 4)

9. The tender notice may also be used for purpose of enlistment of vendors for future supplies.
10. NTPC is not responsible for any communication postal delays.
11. NTPC reserves the right to accept/reject any request for issue of any tender documents or offers without assigning any reason thereof.

**Chief Materials Manager**

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN-742236 : DIST. MURSHIDABAD (W.B.)

Ref : FS : 42 : MD : T-04/ Dated 29-1-91

Sub : Open Tender for transportation of verious types of materials by Truck/ Trailers from distant places excluding unloading at FSTPP.

Sealed tenders are invited from reputed and preferably bank approved transporters having branches/godown arrangements at Farakka for transportation of verious miscellaneous materials in 'Smalls' as well as full truck load basis from 70-75 stations all over country to FSTPP and vice-versa.

**Scope of Work :**

1. Collection, transportation & delivery of miscellaneous materials from various places to NTPC/FSTPP for full truck load as well as 'Smalls' at FSTPP stores/sites and vice-versa.
2. —do— but delivery at our nearest transporter's godown within a radious of 40 km. from FSTPP.
3. The job includes loading by transporters but unloading and stacking if any shall be arranged/borne by NTPC.

**Terms & Conditions :**

1. Duration of contract shall be basically for one year having a provision for extn. of another one year with mutual consent of both sides.
2. Request/application for dender documents should be accompanied with proof of credentials having executed similar nature of job preferably in govt. organisation/undertaking, latest income tax, sales tax clearance certificate etc. and can be had on request from the office of Engineer (Materials)/Stores by post or in person on payment of Rs. 100/- by D/Draft on SBI, Farakka, in favour of NTPC or in cash payment.
3. E. M. D. Rs. 25,000/- (Twenty five thousand) in the form mentioned in the tender documents.
4. Sale of tender documents and due date of opening :
   Opening date of sale—20-2-91
   Closing date—20-3-91 upto 4-00 p.m.
   Opening date of render 28-3-91 at 10-30 A.M.
5. NTPC will not be responsible for delay in receipt of tenders due to loss in transit, postal delay or delay due to any other reason.
6. Tender documents are not transferable.
7. The detail mentioned herein are indicative only, complete informations including name of Stations and other terms and conditions can be obtained from tender documents.
8. NTPC reserves right to accept or reject any tender in part or full, can split the contract among more than one transporter without assigning any rerson whatsoever.

**Chief Materials Manager**

**শর্মিষ্ঠা ফাইনান্স এর উদ্বোধন**—রঘুনাথগঞ্জ : গত ২৬ জানুয়ারী শর্মিষ্ঠা ফাইনান্স লিমিটেডের উদ্বোধন করলেন জঙ্গিপুর পৌরসভার চেয়ারম্যান মৃগাঙ্ক ভট্টাচার্য। স্থানীয় কয়েকজন উদ্যোগী যুবকের প্রচেষ্টায় এই অর্থ সঞ্চয় প্রতিষ্ঠানের জন্ম হল স্থানীয় শহরে। ম্যানেজিং ডিরেক্টর অরূপ মুখার্জী এবং অনুষ্ঠানের সভাপতি পাঁচকড়িলাল দাস বক্তব্য রাখেন।

## উন্নয়নে প্রধানই প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছেন

আহিরণ : সুতী ১নং ব্লকের বহুতালীর গ্রাম পঞ্চায়েত প্রধান কাজকর্ম নিজে ঠিকমত বোঝেন না ও অপরকে দিয়ে করান এই অভিযোগ উঠেছে। তাঁর বিরুদ্ধে আরোও অভিযোগ তিনি সরকারী নিয়মকানুন সম্বন্ধেও ওয়াকিবহাল নন। সরকারী দপ্তর ও ব্যাঙ্কগুলিও অভিযোগ করেন প্রধানের কাজকর্মে নিয়মকানুন সঠিক পালিত না হওয়ায় তাঁরাও অসুবিধায় পড়েছেন। প্রধান নাকি চেক ইস্যুর কাজও ঠিকমত বুঝছেন না। বিডিও এবং এস ডি ও-র কাছেও এই অভিযোগ জানানো হয়েছে বলে জানা যায়।

## চাঁদার জুলুমে জেরবার নাগরিকরা

জঙ্গিপুর : এক দল যুবকের চাঁদার জুলুমে অতিষ্ঠ হয়ে সম্মতিনগরের রাস্তায় কয়েক ঘন্টা বাস চলাচল বন্ধ থাকে। পথ চলতি রিক্সা, টমটম, বাস থামিয়ে চাঁদা আদায় রেওয়াজে দাঁড়িয়েছে। রঘুনাথগঞ্জেও চাঁদার জুলুমে জনজীবন জেরবার। এখানকার দু'একটি ক্লাবের বিরুদ্ধে অভিযোগ তাঁরা জনসাধারণের কোন আবেদন নিবেদন গ্রাহ্য না করে ক্ষমতার বাইরে চাঁদা আদায় করছেন। সরকারী প্রশাসন এসব ব্যাপারে একদম চুপ।

## নৈশ প্রহরীকে ভয় দেখিয়ে বিদ্যুৎ তার চুরি

সাগরদীঘি : গত ১৮ জানুয়ারী রাতে জিনদীঘি হাই স্কুল বাউণ্ডারীর মধ্যে বিদ্যুৎ বিভাগের জনৈক ঠিকাদারের রাখা ৪ কুঃ তার থেকে ২ কুইন্ট্যাল দুষ্কৃতীরা অপহরণ করে বলে খবর। সংবাদে প্রকাশ রাতে সাতজন দুর্বৃত্ত স্কুল কম্পাউণ্ডে ঢুকে নৈশ প্রহরীকে ছোরা ও হাঁসুয়া দেখিয়ে কাবু করে ঐ পরিমাণ তার নিয়ে চম্পট দেয়। গ্রামবাসীদের অভিযোগ, আথুয়া, বেলাইপাড়া, জিনদীঘি জিনদীঘি পাহাড় কলোনী ও তাঁতিবড়লে দুষ্কৃতীদের প্রভাব বেড়েছে। প্রায় ঘরেই দুষ্কৃতীদের হাতে বিপুল সংখ্যায় আগ্নেয়াস্ত্র গুলি বারুদ মজুত রয়েছে। পুলিশ সব জেনেও চুপচাপ।

## খরচ যোগানো হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

জনৈক সমীর ঘোষের জীপ (ডাব্লু জি জে-৩৯৯৭) ভাড়া দেওয়া ছিল। কিন্তু সেটি পরে বাতিল করা হয়। শ্রীঘোষের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান সভাপতি গিয়াসুদ্দিনের সাথে তাঁর কিছু ঘটনায় মনোমালিন্য হওয়ায় তিনি গাড়ী তুলে নেন। মনোমালিন্যের কারণ সম্বন্ধে বলতে গিয়ে শ্রীঘোষ বলেন সভাপতি গিয়াসুদ্দিন শ্রীঘোষকে একদিন গাড়ীটি নিয়ে কান্দীর কুলীতে পার্টির সভায় যেতে বললে তিনি রাজী হন না। সে কারণেই সভাপতি তাঁর গাড়ীটি বাতিল করে দেন।

## নিয়ম ভাঙ্গছেন আমলারাই

( ১ম পৃষ্ঠার পর )

জীপ গাড়ীটি রঘুনাথগঞ্জ ১নং ব্লক অফিসের বলে জানা যায়। আরোও জানা যায় ঐ ভদ্রলোক জয়েন্ট বি ডি ও নুরুল ইসলাম এবং ভদ্র মহিলা তাঁর স্ত্রী। সরকারী গাড়ী নিজস্ব প্রয়োজনে ব্যবহার করা যায় কিনা উর্ধতন কর্তৃপক্ষকে দেখতে আহ্বান জানাচ্ছেন এ শহরের নাগরিকরা।

## ব্যবসায়ী আক্রান্ত

( ১ম পৃষ্ঠার পর )

জানা যায় স্থানীয় বাসিন্দা কালু সেখের রিক্সায় শঙ্কর সাহেববাজারের কাছে এলে এ ঘটনা ঘটে। কালুকে সন্দেহবশতঃ গ্রেপ্তার করলে সে সব স্বীকার করে ও ছিনতাইকারীদের নাম বলে দেয়। সেই সূত্রে তদন্ত চালিয়ে কালু সেখের ভাইয়ের বাড়ী তল্লাসী করে পুলিশ টাকা ও রক্তমাখা ছুরি উদ্ধার করে। এখনও অন্য কেউ ধরা পড়েনি।

## অ্যাফিডেবিট

আমি অশোককুমার প্রামাণিক পিতা ষষ্ঠীরাম প্রামাণিক, সাং কয়াডাঙ্গা, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ, অদ্য ২৪-১-১৯৯১ জঙ্গিপুরের এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট কোর্ট এক অ্যাফিডেবিট বলে অশোককুমার ভাস্কর হইলাম।

## বাৎসরিক অনুষ্ঠান

রঘুনাথগঞ্জ : বিবেকানন্দ বিদ্যানিকেতনের (ইংলিশ মিডিয়াম) বাৎসরিক অনুষ্ঠান গত ১২ জানুয়ারী স্থানীয় রবীন্দ্র ভবন মঞ্চে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন এ, কে, মুখার্জী। বিশেষ আকর্ষণ ছিল অনুষ্ঠানের প্রথমে, মাঝে ও শেষে কোরাস ও ছোট্ট একটি নাটক। পুরো অনুষ্ঠানে উল্লেখযোগ্য স্থান ও কৃতিত্বের অধিকারী হয় চতুর্থ শ্রেণীর ছাত্রী ঋতুপর্ণা ব্যানার্জী!

## সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় বি জে পির সভা

সাগরদীঘি : সম্প্রতি বালিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন রামনগর গ্রামে বি জে পির নেতৃবৃন্দ সাম্প্রদায়িক সম্প্রতি রক্ষার প্রয়োজনে এক জনসভা করেন ও সকলকে সম্প্রীতিরক্ষায় এগিয়ে আসতে ডাক দেন। এই সভায় নবগৌর বাগচী, অশোক চক্রবর্তী, জঙ্গিপুরের অনুপ সরকার, রঘুনাথগঞ্জের চিত্ত মুখার্জী ও রাধেশ্যাম মণ্ডল বক্তব্য রাখেন।

## চালের লরি লোডিং আন লোডিং এ রাস্তা জ্যাম

রঘুনাথগঞ্জ : মিয়াপুর চাল আড়তের সামনে রাস্তায় লরি দাঁড় করিয়ে চাল নামানো উঠানোর ফলে ঐ ব্যস্ত রাস্তাটিতে লাইনের বাস ও ট্রেনের যাত্রী বোঝাই রিক্সা আটকে পড়ে যাত্রীদের দুর্গতির সীমা থাকছে না। পূর্বে আমাদের পত্রিকায় ঐ খবর বের হওয়ার পর তৎকালীন মহকুমা শাসক আর এস শুক্লা স্বয়ং উদ্যোগী হয়ে রাস্তার উপর ট্রাক দাঁড়ানো বন্ধ করেছিলেন। পুনরায় ব্যবসায়ীরা তাঁর বদলীর সুযোগে একই কাজ শুরু করেছেন বলে যাত্রীরা অভিযোগ করেন।


আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় :

**শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ**

রেজিঃ এবং হেড অফিস

দরবেশপাড়া : রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—

এ. মুখার্জী

ম্যানেজিং ডাইরেক্টর





পশ্চিমবঙ্গ সরকার

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।